

## রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ দ্বাদশ অধ্যায়- ঈদ ও তার বিভিন্ন আহকাম রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## খুতবা শোনার গুরুত্ব

ঈদের খুতবা দেওয়া ও শোনা (জুমআর খুতবার মত ওয়াজেব নয়; বরং তা) সুন্নত। আব্দুল্লাহ বিন সায়েব বলেন, একদা আমি আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম)-এর সাথে ঈদের নামাযে উপস্থিত ছিলাম। নামায শেষ করে তিনি বললেন, "আমরা খুতবা দেব; সুতরাং যে ব্যক্তি খুতবা শোনার জন্য বসতে পছন্দ করে সে বসে যাক্। আর যে ব্যক্তি চলে যেতে পছন্দ করে সে চলে যাক্।"[1]

অবশ্য মুমিনের জন্য উচিত এই যে, প্রত্যেক মঙ্গলের প্রতি সে আগ্রহী হবে এবং দুনিয়া ও আখেরাতের জন্য উপকারী বিষয়ের প্রতি যতুবান হবে। আর খুতবা শোনা নিশ্চয় বড় উপকারী বিষয়।

## ফুটনোট

[1] (সহীহ আবূ দাউদ ১০২৪, সহীহ ইবনে মাজাহ, আলবানী ১০৬৬, হাকেম, মুস্তাদ্রাক ১/২৯৫, ইবনে খুযাইমাহ, সহীহ ১৪৬২, ইরওয়াউল গালীল, আলবানী ৬২৯, সহীহুল জামেইস সাগীর, আলবানী ২২৮৯নং, তামামুল মিন্নাহ, আল্লামা আলবানী ৩৫০পৃঃ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4160

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন